

স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

[তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত]

- ০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে প্রত্যেক কর্তৃপক্ষ স্বপ্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করবে।
- ০২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ অনুসারে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ০৩। প্রত্যেক কর্তৃপক্ষ স্বপ্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০৪। ওয়েবসাইট প্রতিবন্ধীসহ সংশ্লিষ্ট সকল ব্যবহারকরীগণের উপযোগী করে তৈরী করতে হবে।
- ০৫। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী অবশ্যই ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করতে হবে। ওয়েবসাইটের কারিগরি দিকসমূহ সরকার অনুমোদিত ইন্টারঅপারেবিলিটি গাইডলাইনের আলোকে প্রস্তুত করতে হবে।
- ০৬। নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে।
- ০৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ বছরে অন্তত একবার তথ্য ও সেবা সম্পর্কিত নাগরিক সভা করবে এবং সভা সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০৯। তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর তফসিল ১ এবং ২ এর কলাম ২ এ বর্ণিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১০। নতুন কোন আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

- ১১। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লিখতে হবে।
- ১২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবছর নিরীক্ষা করতে হবে। কর্তৃপক্ষ অডিট রিপোর্টটি প্রতিবছর তথ্য কমিশনে প্রেরণ করবে। তথ্য কমিশন অডিট রিপোর্টের আলোকে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ/দিকনির্দেশনা প্রদান করবে।
- ১৪। তথ্য কমিশন প্রতিবছর দৈবচয়নের (Random) ভিত্তিতে কর্তৃপক্ষের স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা ব্যবহারের অগ্রগতি বিষয়ক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে।
- ১৫। স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্ভাব্য ব্যয় কর্তৃপক্ষ কর্তৃক বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।
- ১৬। মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।
- ১৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সংগতি রেখে কর্তৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ১৮। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং তথ্য কমিশনকে অবহিত করবে।
- ১৯। বিভিন্ন পর্যায়ে গঠিত ইনোভেশন টিম স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তত্ত্বাবধান করবে।